

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন
অগ্রগতি পর্যালোচনা কমিটির জুলাই'১৯ মাসের 'মাসিক সভা'র কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক

স্থান : প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ
তারিখ : ৩১ জুলাই, ২০১৯
সময় : বেলা ০১:০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তা 'পরিশিষ্ট-ক'


ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কমিটির জুলাই'১৯ মাসের 'মাসিক সভা' ব্যবস্থাপনা পরিচালক জনাব এ এইচ এম আবদুল্লাহ-এর সভাপতিত্বে ফাউন্ডেশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব জাম্মাতুন আরা বেগমকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব জাম্মাতুন আরা বেগম সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মধ্যে গত ২৩ জুন ২০১৯ তারিখ ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। তিনি ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিটি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, চলতি বছরের বাধ্যতামূলক উদ্দেশ্যসমূহের মধ্যে মাসিক এপিএ সভা করা, ফাউন্ডেশনের ক্রয় পরিকল্পনা, প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি, বিভাগীয় মামলা এ ধরনের কয়েকটি কার্যক্রম এবার নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাছাড়া মাসিক ভাবে সভা করে এসব সভার সিদ্ধান্তের বাস্তবায়ন শতভাগ % অর্জনের লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। তিনি কার্যক্রমসমূহ সভায় তুলে ধরেন।

জনাব জাম্মাতুন আরা বেগমের উপস্থাপনের পরিপ্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, গত অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়নে খেলাপি ঋণ, ৬০ ঘণ্টা প্রশিক্ষণ এ দুটি সূচকে অর্জন ৬০ ভাগের নিচে হওয়ায় মান শূণ্য এসেছে। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের প্রতিটি কর্মসম্পাদন সূচকের অর্জন শতভাগ নিশ্চিত করতে হবে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচক নং ৩.১.১ বাস্তবায়নের লক্ষ্যে জনাব জাম্মাতুন আরা বেগম, সোয়াদ সুলতানা এবং ফাতেমা-তুজ-জোহরা কর্মসম্পাদন সূচক নং ১.১.১, ১.১.২ ও ১.১.৩ বাস্তবায়নে ব্যবস্থাপক, আইসিটি এবং কর্মসম্পাদন সূচক নং ১.২.১ ও ১.৮.১ বাস্তবায়নে জনাব জাম্মাতুন আরা বেগম এবং ফাতেমা-তুজ-জোহরা কর্মসম্পাদন সূচক নং-১.৩.১, ১.৪.১ ও ১.৪.২ প্রধান কার্যালয়ের উদ্ভাবনী টিম যৌথভাবে কাজ সম্পাদন করবে। তিনি আরো বলেন, প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের সহায়তা নিয়ে যথাসময়ে সম্পন্ন করবেন। প্রতিটি কার্যক্রমের বিপরীতে প্রতিটি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন সম্পন্ন হওয়ার সাথে সাথে প্রমাণকসমূহ প্রণয়ন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট জমা দিবেন এবং নিজেও এক প্রস্থ পৃথক নথিতে সংরক্ষণ করবেন এবং প্রয়োজনে রেজিস্টারও চালু করবেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ০১। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের প্রতিটি কর্মসম্পাদন সূচকের অর্জন শতভাগ নিশ্চিত করতে হবে।
- ০২। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচক নং- ১.২.১ ও ১.৮.১ ও ৩.১.১ বাস্তবায়নের লক্ষ্যে জনাব জাম্মাতুন আরা বেগম, সোয়াদ সুলতানা এবং ফাতেমা-তুজ-জোহরা যৌথভাবে দায়িত্ব পালন করবেন।
- ০৩। কর্মসম্পাদন সূচক নং- ১.১.১, ১.১.২ ও ১.১.৩ বাস্তবায়নে ব্যবস্থাপক, আইসিটি এ অধিশাখার সহকারী ব্যবস্থাপক দুজনের সহযোগিতা নিয়ে সম্পাদন করবেন।
- ০৪। কর্মসম্পাদন সূচক নং-১.৩.১, ১.৪.১ ও ১.৪.২ প্রধান কার্যালয়ের উদ্ভাবনী টিম যৌথভাবে কাজ সম্পাদন করবে।
- ০৫। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের সহায়তা নিয়ে যথাসময়ে সম্পন্ন করবেন। প্রতিটি কার্যক্রমের বিপরীতে প্রতিটি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন সম্পন্ন হওয়ার সাথে সাথে প্রমাণকসমূহ প্রণয়ন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট জমা দিবেন এবং নিজেরাও এক প্রস্থ পৃথক নথিতে সংরক্ষণ করবেন। প্রয়োজনে কার্যক্রম ভিত্তিক রেজিস্টারও চালু করা যেতে পারে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণঃ

- ০১। কমিটির সকল সদস্যবৃন্দ।
- ০২। ব্যবস্থাপক (আইসিটি)- তিনি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৩। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী।